

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৮৩

২/ সালাত (الصلاه)

পরিচ্ছেদঃ ১২৪. সশদে বিসমিলল্লাহ না বলা প্রসঙ্গে

بَابٌ مَنْ لَمْ يَرَ الْجَهَرَ بِ { بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ }

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ سَعِيدٍ، عَنْ حُسَيْنِ الْمُعَلِّمِ، عَنْ بُدْيَلِ بْنِ مَيْسَرَةَ، عَنْ أَبِي الْجَوْزَاءِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْتَحُ الصَّلَاةَ بِالْتَّكْبِيرِ وَالْقِرَاءَةِ بِ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ) وَكَانَ إِذَا رَكَعَ لَمْ يُشْخِصْ رَأْسَهُ وَلَمْ يُصَوِّهُ وَلَكِنْ بَيْنَ ذَلِكَ وَكَانَ إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ لَمْ يَسْجُدْ حَتَّى يَسْتَوِيَ قَائِمًا وَكَانَ إِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ السُّجُودِ لَمْ يَسْجُدْ حَتَّى يَسْتَوِيَ قَاعِدًا وَكَانَ يَقُولُ فِي كُلِّ رَكْعَتِينِ "الْتَّحِيَاتُ" . وَكَانَ إِذَا جَلَسَ يَفْرِشُ رِجْلَهُ الْيُسْرَى وَيَنْصِبُ رِجْلَهُ الْيُمْنَى وَكَانَ يَنْهَى عَنْ عَقِبِ الشَّيْطَانِ وَعَنْ فِرْشَةِ السَّبْعِ وَكَانَ يَخْتِمُ الصَّلَاةَ بِالْتَّسْلِيمِ .

- صحيح : م -

বাংলা

৭৮৩। 'আয়িশাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত শুরু করতেন তাকবীরে তাহরীমার দ্বারা আর কিরাত শুরু করতেন আলহামদু লিল্লাহি রবিল 'আলামীন দ্বারা। তিনি রংকু'তে স্থীয় মাথা উঁচুও করতেন না আবার নীচুও করতেন না বরং পিঠের সাথে সমান্তরাল করে রাখতেন। তিনি রংকু' হতে সোজা হয়ে দাঁড়ানোর পূর্বে সিজদায় যেতেন না এবং এক সিজদার পর সোজা হয়ে বসার পূর্বে দ্বিতীয় সিজদা করতেন না। তিনি প্রত্যেক দু' রাক'আত সালাত শেষে 'আন্তাহিয়াতু' (তাশাহীদ) পড়তেন। অতঃপর বসার সময় বাম পা বিছিয়ে দিয়ে ডান পা খাড়া করে রাখতেন। তিনি শয়তানের ন্যায় (দুই গোড়ালীর উপর পাছা রেখে) বসতে এবং চতুর্পদ জন্মের ন্যায় (মাটিতে দু' হাত বিছিয়ে) সিজদা করতে নিষেধ করতেন। তিনি সালামের দ্বারা সালাত সমাপ্ত করতেন। [1]

সহীহ : মুসলিম।

English

'A'ishah said:

The Messenger of Allah(ﷺ) began prayer with the takbir (Allah is most great) and with reciting "Praise be to Allah, the Lord of the Universe". And when he bowed, he neither raised up nor lowered down his head, but kept it between the two (conditions). And when he raised his head after bowing, he did not prostrate himself until he stood up straight; and when he raised his head after prostration, he did not prostrate (the second time) until he sat down properly; and he recited al-tahiyyat after every pair of rak'ahs; and when he sat, he spread out his left foot and raised his right. He forbade to sit like the sitting of the devil, and to spread out to hands (on the ground in prostration) like animals. He used to finish prayer with uttering the salutation.

ফুটনোট

[1] আহমাদ (৬/৩১) তিনি বলেন, আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন ইসহাক অর্থাৎ আয়রাক এবং ইয়াহইয়া ইবনু সাওদ, ইসহাক বলেন, আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন হ্সাইন ইবনুল মুকাভাব, বুদাইল থেকে। মুসলিম (অধ্যায়ঃ সালাত), তিনি বলেন, আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন মুহাম্মাদ ইবনু 'আব্দুল্লাহ ইবনু নুমাইর, তিনি বলেন আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন আবু খালিদ অর্থাৎ আল-আহমার ইবনু হ্�সাইন মু'আল্লিম। ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত কায়িম, অনুঃ সালাতে রংকু' হাঃ ৮৬৯) তিনি বলেন, আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন আবু বাকর ও ইবনু আবু শায়বাহ। তিনি বলেন, আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন ইয়ায়ীদ ইবনু হারুন, হ্সাইন মু'আল্লিম থেকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আয়শা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58101>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন